



# আঞ্চলিক তথ্য অফিস, সিলেট



তথ্য অধিদফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

তথ্যবিবরণী

নম্বর: ০৬২

## তরুণরাই সমৃদ্ধ বৈষম্যহীন বাংলাদেশ বিনির্মাণ করবে ---মেট্রোপলিটন ইউনিভার্সিটির উপাচার্য

সিলেট, বুধবার, ২৬ অগ্রহায়ণ (১১ ডিসেম্বর):

মেট্রোপলিটন ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ জহিরুল হক বলেছেন, বিশ্বায়নের সাথে তাল মিলিয়ে তরুণরাই আগামী দিনের উন্নত, সমৃদ্ধ ও বৈষম্যহীন বাংলাদেশ বিনির্মাণ করবে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর আওতায় জেলা তথ্য অফিস সিলেটের উদ্যোগে তারুণ্য নির্ভর বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি একথা বলেন। আজ ১১ ডিসেম্বর বুধবার সিলেট সরকারি মডেল স্কুল এন্ড কলেজের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

জেলা তথ্য অফিসের পরিচালক মীর মোহাম্মদ আসলাম উদ্দিনের সভাপতিত্বে বৈষম্যহীন ও জবাবদিহিতামূলক দেশ গড়ার লক্ষ্যে আয়োজিত সভায় বিশেষ অতিথির বক্তৃতা করেন সিলেট সরকারি মডেল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ ড. মো. দিদার চৌধুরী। এতে আরো বক্তব্য প্রদান করেন শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক করম আলি, সিলেট সরকারি মডেল স্কুল এন্ড কলেজের প্রভাষক একেএম মনির হোসেন সরকার এবং ইংরেজি বিভাগের প্রভাষক মো. মানিক মিয়া। নতুন বাংলাদেশ বিনির্মাণে তরুণদের ভূমিকা ও গুরুত্ব তুলে ধরে সভায় তারুণ্য নির্ভর বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ধারণা পত্র উপস্থাপন করেন জেলা তথ্য অফিস সিলেটের উপপরিচালক মো. সালাহ উদ্দিন।

উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ জহিরুল হক বলেন, বর্তমান বিশ্ব এগিয়ে যাচ্ছে সুপার স্মার্ট সোসাইটির দিকে। এখানে বাংলাদেশের তরুণদের সাথে প্রতিযোগিতা হবে বিশ্বব্যাপী। এজন্য তথ্য-প্রযুক্তি ও তারুণ্য নির্ভর নতুন বাংলাদেশ বিনির্মাণে এখনই প্রস্তুতি নিতে হবে; যোগ্যতা অর্জন করতে হবে বিশ্বনাগরিকের। তিনি আরো বলেন, এ চ্যালেঞ্জ মোকাবিলায় ভবিষ্যতের প্রযুক্তি ব্যবহার করে এবং সারা বিশ্বের ভাষা হিসেবে ইংরেজির ওপর গুরুত্বারোপ করে উৎপাদনমুখী কাজে তরুণদের অংশগ্রহণ বাড়াতে হবে।

সভাপতির বক্তব্যে জেলা তথ্য অফিসের পরিচালক মীর মোহাম্মদ আসলাম উদ্দিন বলেন, বৈষম্যহীন সমৃদ্ধ বাংলাদেশ গঠনে প্রশিক্ষণের মাধ্যমে তরুণদের নিজেদের শাণিত করতে হবে। তাদের হাত ধরেই জুলাই ২০২৪ গণঅভ্যুত্থানের মাধ্যমে অর্জিত রাষ্ট্রে যেন আর কোন বৈষম্য তৈরি না হয়; সেজন্য তরুণদের সকল ক্ষেত্রে প্রাধান্য দিয়ে নতুন বাংলাদেশ গড়ে তুলতে হবে।

#

মাসুদ/ডলি/২০২৪/১৮:১৫ ঘণ্টা

৩৫০/৬, খোজারখলা স্কয়ার, দক্ষিণ সুরমা, সিলেট

সংবাদকক্ষ : ০২৯৯৭৭০১৫৪৩, E-mail : pidsylhet@gmail.com